অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/19/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল রোচেস্টারে বয়স্কদের জন্য 48 মিলিয়ন মার্কিন ডলারের, 40-ইউনিটের সাশ্রয়ী মূল্যের আবাসন কমপ্লেক্সের কাজ সমাপ্তির ঘোষণা করেছেন

মাল্টি-ফেজ প্রকল্পটি পুরনো মিশেল-লামা বিল্ডিংগুলোকে প্রতিস্থাপন করবে, কোবস হিল পার্কের কাছে 100টিরও বেশি বাড়ি নির্মাণ করবে

গভর্নর ক্যাথি হোকল আজ রোচেস্টারে বয়স্কদের জন্য একটি নতুন 48 মিলিয়ন মার্কিন ডলারের, 40-ইউনিটের সাশ্রয়ী মূল্যের আবাসন ডেভেলপমেন্ট কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেছেন। বিল্ডিংটি 1957 সালে নির্মিত মিশেল-লামা (Mitchell-Lama) ডেভেলপমেন্টের পুরনো কোবস হিল ভিলেজ (Cobbs Hill Village)-কে প্রতিস্থাপন করার জন্য একটি তিন-পর্যায়ের প্রকল্পের প্রথম পর্যায়। বিগত পাঁচ বছরে, নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal) রচেস্টারে 3,700টিরও বেশি সহ মনরো কাউন্টি জুড়ে 6,800টির বেশি সাশ্রয়ী মূল্যের বাড়ি নির্মাণ বা সংরক্ষণ করেছে। গভর্নর হোকলের 25 বিলিয়ন মার্কিন ডলারের পাঁচ বছরের আবাসন বিষয়ক পরিকল্পনাকে পরিপূরক করে নিউ কোবস হিল ভিলেজ এই প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে যা স্টেটব্যাপী 100,000টি সাশ্রয়ী মূল্যের বাড়ি নির্মাণ বা সংরক্ষণের পথে রয়েছে।

"স্টেট জুড়ে বিদ্যমান কমিউনিটি এবং আশেপাশের বয়স্কদের জন্য সাশ্রয়ী মূল্যের বাড়ি নির্মাণ করতে নিউ ইয়র্ক প্রতিশ্রুতিবদ্ধ," **গভর্নর হোকল বলেন।** "কোবস হিল ভিলেজের এই প্রথম পর্যায়টি পুরনো অবকাঠামোগুলোকে প্রতিস্থাপন করতে সাহায্য করে এবং এই 40 জনের বয়স্ক পরিবারকে স্বাধীনভাবে বসবাস করতে ও একটি আধুনিক বাড়ি প্রদান করতে পারে এমন সমস্ত সুবিধা উপভোগ করার সুযোগ প্রদান করে।"

কোবস হিল ভিলেজ ডেভেলপমেন্টের পরবর্তী দুইটি ধাপে 40টি বিদ্যমান অ্যাপার্টমেন্ট প্রতিস্থাপনের জন্য একটি বাড়তি 40-ইউনিট ভবনের নতুন নির্মাণ কার্যক্রমের পাশাপাশি আগামী দুই বছরে বিদ্যমান 20টি ইউনিট প্রতিস্থাপনের জন্য 24টি বাগান-ধারার টাউনহোমগুলোর নতুন নির্মাণ-ভিত্তিক সুবিধা অন্তর্ভুক্ত থাকবে।

নতুন 104টি বাড়ির সবকটিই মিশেল-লামা ইউনিটে হবে যা 55 বছর বা তার বেশি বয়সী বয়স্ক পরিবারের জন্য সাশ্রয়ী হবে যাদের গড় আয়ের পরিমাণ 80 শতাংশ বা তার নিচে। মিশেল-লামা প্রোগ্রামটি মধ্যম আয়ের নিউ ইয়র্কবাসীদের জন্য ভাড়া এবং সমবায় মালিকানাধীন, সাশ্রয়ী

মূল্যের আবাসন ডেভেলপমেন্টের জন্য তৈরি করা হয়েছিল। সিটি অব রচেস্টার এবং প্রকল্পের ডেভেলপার রচেস্টার ম্যানেজমেন্ট, ইনক.-এর মধ্যে একটি চুক্তির অংশ হিসেবে, বর্তমান বাসিন্দাগণ কোবস হিল ভিলেজে তাদের ট্যানেন্সির সময়কালের জন্য প্রকল্পের আগে যেভাবে ভাড়া দিয়েছিল ঠিক একই ভাড়া প্রদান করবে। বর্তমান ভবনগুলো ভেঙে ফেলার আগে বসবাসরত বাসিন্দাদের নতুন অ্যাপার্টমেন্টে স্থানান্তর করা হবে।

প্রতিটি ইউনিটে প্যাটিও বা ডেক, এলিভেটর, ফিটনেস রুম, কম্পিউটার ল্যাব, গল্পগুজবের স্থান এবং কোবস হিল পার্কের কাছাকাছি থাকা সহ বাসিন্দাদের বয়সের সাথে সামঞ্জস্য রাখার জন্য বিভিন্ন সুবিধা থাকবে যা কমিউনিটির সংযোগ এবং সুস্বাস্থ্যকে উৎসাহিত করবে। প্রতিটি ইউনিট সহজেই বাসিন্দাদের বয়স বাড়ার সাথে সাথে চলাচলের যেকোনো পরিবর্তনকে সহজের সমন্বয় করতে পারবে।

এই বিল্ডিংগুলোতে আধুনিক হিটিং, স্বল্প-প্রবাহের প্লাম্বিং এবং এনার্জি স্টার® (ENERGY STAR®) সরঞ্জাম ব্যবস্থা রয়েছে যা বাসিন্দাদের জন্য জলবায়ু-বান্ধব, স্বাস্থ্যকর, বিদ্যুত-সাশ্রয়ী বাড়ি নিশ্চিত করবে। এগুলোকে নিউ ইয়র্ক স্টেট এনার্জি অ্যান্ড রিসার্চ ডেভেলপমেন্ট অথরিটি নিউ কনস্ট্রাকশন - হাউজিং প্রোগ্রামের মানদণ্ড অর্জনের জন্য ডিজাইন করা হয়েছে।

পুরো কোবস হিল ভিলেজ প্রকল্পটি HCR-এর হাউজিং ফিন্যান্স এজেন্সির মিশেল-লামা লোন প্রোগ্রাম থেকে 42 মিলিয়ন মার্কিন ডলারের ঋণ এবং NYSERDA-এর নিউ কনস্ট্রাকশন - হাউজিং প্রোগ্রাম থেকে 101,000 মার্কিন ডলারের সহায়তাপ্রাপ্ত। এটি একটি আর্টিকেল II হাউজিং কোম্পানি, প্লাইমাউথ গার্ডেন্সের মালিকানাধীন সিনিয়র মিশেল-লামা কমপ্লেক্স হিসেবে সম্পূর্ণ রিয়েল এস্টেট ট্যাক্স ছাড় সুবিধা থেকে উপকৃত হতে থাকবে। প্রকল্পটির ডেভেলপার হলো রচেস্টার ম্যানেজমেন্ট যা 3.8 মিলিয়ন মার্কিন ডলারের স্পনসরমূলক ঋণ প্রদান করেছে। কমিউনিটি প্রিজার্ভেশন কর্পোরেশন 3.9 মিলিয়ন মার্কিন ডলারের নির্মাণ-ভিত্তিক ঋণ প্রদান করেছে।

গভর্নর হোকলের আবাসন এজেন্ডা
নিউ ইয়র্কের আবাসন সঙ্কটের সমাধান করতে এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য স্টেটকে আরো সাশ্রয়ী ও বাসযোগ্য করতে গভর্নর হোকল প্রতিশ্রুতিবদ্ধ। 2025 সালের অর্থবছরের বাজেটের অংশ হিসেবে, গভর্নর আপস্টেট কমিউনিটির জন্য নতুর কর প্রণোদনা, নতুন প্রণোদনা ও নিউ ইয়র্ক সিটিতে আরও আবাসন তৈরির জন্য কিছু স্টেট-আরোপিত বিধিনিষেধ থেকে ত্রাণের মাধ্যমে নিউ ইয়র্কের আবাসন সরবরাহ বৃদ্ধির জন্য একটি যুগান্তকারী চুক্তি সুরক্ষিত করেছেন, স্টেট মালিকানাধীন সম্পত্তিতে 15,000 নতুন বাড়ি তৈরির জন্য 500 মিলিয়ন মার্কিন ডলার মূলধন তহবিল, স্টেটব্যাপী বিভিন্ন আবাসন উন্নয়ন ও ভাড়াটে এবং বাড়ির মালিকদের জন্য নতুন সুরক্ষা সহায়তা করার জন্য অতিরিক্ত 600 মিলিয়ন মার্কিন ডলার তহবিল। পাশাপাশি, অর্থবছর 2023 এর প্রণীত বাজেটের অংশ হিসেবে স্টেটব্যাপী 100,000টি সাশ্রয়ী বাসা তৈরি বা সংরক্ষণ করার জন্য গভর্নর 25 বিলিয়ন মার্কিন ডলারের পাঁচ বছর মেয়াদি একটি আবাসন পরিকল্পনা ঘোষণা করেন, যেখানে দুর্বল জনগোষ্ঠীর জন্য সমর্থক সেবাসহ 10,000টি বাসা থাকবে এবং অতিরিক্ত 50,000 বাসার বৈদ্যুতিকায়ন করা হবে। এখন পর্যন্ত 45,000 এর বেশি বাসা তৈরি বা সংরক্ষণ করা হয়েছে।

এছাড়াও 25 অর্থ বছরের নির্বাহী বাজেটটি প্রো-হাউজিং কমিউনিটি প্রোগ্রামকে শক্তিশালী করেছে যা গভর্নর 2023 সালে চালু করেছিলেন। প্রো হাউজিং সার্টিফিকেশন এখন স্থানীয়দের জন্য 650 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত বিবেচনামূলক তহবিল অ্যাক্সেস করার জন্য একটি শর্ত। আজ অবধি, 160টিরও বেশি কমিউনিটিকে সার্টিফায়েড করা হয়েছে যা রচেস্টার সিটি সহ 330টিরও বেশি।

HCR কমিশনার রূথ অ্যান ভিসনাউকাস বলেন, "কোবস হিল ভিলেজ প্রকল্পটি মিশেল লামার একটি অত্যাবশ্যকীয় ডেভেলপমেন্ট ব্যবস্থা সংরক্ষণ করছে এবং বর্তমান ও ভবিষ্যতের বাসিন্দাদের বাড়ি এবং বয়সের সাথে যোগাযোগ করার জন্য একটি সাশ্রয়ী, নিরাপদ ও টেকসই জায়গা রয়েছে তা নিশ্চিত করছে। আমরা এই ডেভেলপমেন্টের চূড়ান্ত দুইটি ধাপ সম্পন্ন করতে আমাদের অংশীদারদের সাথে আমাদের কাজ করা চালিয়ে যেতে পেরে উচ্ছ্বসিত যা শেষ পর্যন্ত এই পাড়ায় 100টিরও বেশি বাড়ি নির্মাণ করবে।"

NYSERDA প্রেসিডেন্ট ও সিইও ডোরিন এম. হ্যারিস বলেন, "রোচেস্টারের কোবস হিল ভিলেজ দেখায় যে 55+ বয়স্কদের জন্য বাসস্থান কিভাবে সাশ্রয়ী, পরিবেশবান্ধব এবং আরামদায়ক হতে পারে, এমন বিল্ডিংগুলোর মাধ্যমে যার মধ্যে পরিবেশবান্ধব বিদ্যুত এবং বিদ্যুত-সাশ্রয়ী সুবিধা রয়েছে। এই প্রকল্পের প্রতি NYSERDA-এর সহায়তা বাসিন্দাদের জন্য বসবাসের জায়গা হিসেবে বাড়ি নির্মাণ করে যা তাদের বিদ্যুত ব্যবহার এবং টেকসই সুবিদাগুলোর উপর আরো নিয়ন্ত্রণ বজায় রাখার ব্যাপারে উপকৃত হওয়ার সুযোগ দেয় যা আবহাওয়ার প্রতিকূলতা এবং আমাদের পরিবর্তিত জলবায়ুতে স্থিতিস্থাপকতা উন্নত করে।"

রচেস্টারের মেয়র মালিক ডি. ইভান্স বলেন, "আমাদের সিটিতে এই বিনিয়োগ করার জন্য আমি গভ. ক্যাথি হোকল, নিউ ইয়র্ক হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের কমিশনার রূথ অ্যান ভিসনাউকাস এবং প্লাইমাউথ গার্ডেনস অ্যান্ড রোচেস্টার ম্যানেজমেন্টের টিমকে ধন্যবাদ জানাতে চাই। আমরা প্রত্যেকের জন্য একটি নিরাপদ, ন্যায়সঙ্গত এবং সমৃদ্ধশীল কমিউনিটি প্রতিষ্ঠা করছি এবং গভর্নর হোকলের মতো অংশীদার পাওয়াটা ভাগ্যের ব্যাপার।"

মনরো কাউন্টির নির্বাহী অ্যাডাম বেলো বলেন, "কোবস হিল ভিলেজ প্রকল্পের ধাপ 1 এর সমাপ্তি বয়স্কদের জন্য আরো সাশ্রয়ী মূল্যের, মানসম্পন্ন আবাসন সুবিধা প্রদানের জন্য আমাদের চলমান প্রতিশ্রুতির একটি উল্লেখযোগ্য মাইলফলক অর্জন চিহ্নিত করে। নতুন এই 40-ইউনিট বিল্ডিংটি বাড়ি হিসেবে উল্লেখ করার মতো একটি নিরাপদ এবং স্বাগত জানানোর জায়গা নিশ্চিত করে এবং আমাদের প্রবীণগণ মর্যাদা ও নিরাপত্তার সাথে বৃদ্ধ হতে পারে তা নিশ্চিত করে আমাদের কমিউনিটির দৃঢ়তাকে মজবুত করে। আমি গভর্নর ক্যাথি ক্যাথি হোকল, রোচেস্টার ম্যানেজমেন্ট ইনক., নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল এবং স্টেট মিশেল-লামা হাউজিং ফান্ড, কমিউনিটি প্রিজার্ভেশন কর্পোরেশন এবং নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি সহ আমাদের সমস্ত অংশীদারদের এই কার্যক্রম বাস্তবতায় পরিণত করতে তাদের মূল্যবান সমর্থনের জন্য ধন্যবাদ জানাই। কোবস হিল ভিলেজ এবং এখানকার বাসিন্দাদের জন্য এটি একটি উজ্জ্বল ভবিষ্যতের সূচনা মাত্র।"

কমিউনিটি প্রিজার্ভেশন কর্পোরেশনের ভাইস প্রেসিডেন্ট ও মর্টগেজ অফিসার মরিয়ম জিন্টার বলেন, "আমাদের প্রবীণদের সুন্দর ও সাশ্রয়ীমূল্যের নতুন বাড়িতে স্থানান্তরের সুযোগ পাওয়া দেখে আমি আনন্দিত যাতে তারা সম্মান ও মর্যাদার সাথে শেষ বয়স পর্যন্ত থাকতে পারেন। এখানে যে পরিবর্তন ঘটছে তা কমিউনিটির পুনরুজ্জীবন অব্যাহত রাখতে এবং কোবস হিল কমিউনিটিকে আগামী বছরগুলোতে সেবা দেবে এমন সাশ্রয়ী আবাসনের একটি নতুন সংস্থান নিশ্চিত করতে সহায়তা করবে। রোচেস্টার ম্যানেজমেন্ট, NYS HCR এবং NYSERDA-তে আমাদের অংশীদারদের সাথে কাজ করাটা ভীষণ আনন্দের এবং আমি চূড়ান্ত দুইটি ধাপের সমাপ্তি দেখার জন্য অধীর অপেক্ষায় রয়েছি।"

মিচেল-লামা প্রোগ্রাম সম্পর্কে

এই মিশেল-লামা প্রোগ্রামটি নিউ ইয়র্ক স্টেট জুড়ে আবাসন সুবিধা সরবরাহ করে যা মধ্যবিত্তদের জন্য ভীষণ সাশ্রয়ী। এটি 1955 সালে লিমিটেড প্রফিট হাউজিং অ্যাক্ট (Limited Profit Housing Act)-এর অধীনে তৈরি করা হয়েছিল যা ম্যানহাটন স্টেট সিনেটর ম্যাকনিল মিশেল এবং প্রাক্তন ব্রুকলিন অ্যাসেম্বলিম্যান আলফ্রেড লামার মাধ্যমে পাস হয়েছিল। মিশেল-লামা ডেভেলপমেন্ট ব্যক্তিগত মালিকানাধীন এবং এভাবেই পরিচালিত।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন